গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
এনজিও বিষয়ক শাখা

ময়মনসিংহ জেলা এনজিও সমন্বয় কমিটির জুন ২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মিজানুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২৯ জুন, ২০২০ খ্রি.
সভার সময়	বেলা ২:০০ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ময়মনসিংহ
উপস্থিতি	তালিকা-ক

জুম ক্লাউডের মাধ্যমে অনুষ্ঠিত সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে যারা মৃত্যুবরণ করেন তাদের আত্মার মাগফেরাত ও পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। পাশাপাশি প্রাণঘাতী করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে যারা চিকিৎসাধীন আছেন তাদের দ্রুত আরোগ্য লাভ কামনা করেন।

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

অতঃপর অনুষ্ঠিত জুম ক্লাউড মিটিং এ অংশগ্রহণকারী এনজিও প্রতিনিধিবৃন্দের মে ২০২০ মাসের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদনের উপর আলোচনা করা হয়।

ক্র:নং	এনজিও'র নাম ও কর্ম এলাকা	সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্প	বিবেচ্য মাসে (গত মাসে) গৃহীত কার্যক্রম
০১	ব্র্যাকঃসংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সকল উপজেলা।	ব্র্যাক শিক্ষা কর্মসূচি, দক্ষতা উন্নয়ন কর্মসূচি, জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি ডিভিশন (মেজনিন), সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, আরবান ডেভেলপমেন্ট কর্মসূচি, মাইক্রোফাইন্যান্স, ওয়াশ কর্মসূচি, মানসী কর্মসূচি, ব্র্যাক স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচি।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে লিফলেট ১,১০,২৩১টি, স্টিকার ৫৩,৪২০টি বিতরণ করা হয়েছে এবং জেলায় ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির মাধ্যমে ১৫টি গণনাটক দলের ১৫০ জন ৪০টি ইভাওসি ইয়ুথ কমিটির ১৪৪০ জন, ৪টি ইসিএফ কমিটি ৭৬ জন, ৫টি সিটিজেন কমিটির ৪৫ জন এবং ৪৯০টি পল্লী সমাজের ২৬৪২৫ জন সদস্য করোনা ভাইরাস বিষয়ে নির্দেশনা মোতাবেক ওয়ান টু ওয়ান পদ্ধতিতে আলোচনা এবং পোস্টার বিতরণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করেছে। আল্ট্রাপুওর গ্রাজুয়েশন কর্মসূচি এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচির আওতায় ৬৭২ জন পিছিয়ে পড়া জনগণের মধ্যে ১৭৫৬ টি হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। ক্ষুদ্রঋণ কর্মসুচির যে সকল সদস্য অর্থনৈতিক এবং খাদ্য সংকটের ঝুঁকির মধ্যে রয়েছেন তাদের সহায়তার জন্য ৩০০৫ জন সদস্যকে ২০০০/ টাকা করে মোট ৬০,১০,০০০ টাকা সঞ্চয় ফেরত দেয়া হয়েছে। বিভিন্ন কর্মসুচির মাধ্যমে জেলার ১৩টি উপজেলায় ২১৩৯ জনকে ১৫০০ টাকা করে মোট ৩২,০৮,৫০০/ (বত্রিশ লক্ষ আট হাজার পাঁচশত টাকা) মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।
০২	আশাঃ সংস্থাটির কর্ম এলাকাময়মনসিংহ জেলার সকলউপজেলা।	ক্ষুদ্রঋণ কার্যক্রম, শিক্ষাকার্যক্রম ও এগ্রি প্রকল্প কার্যক্রম।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে "আশা" ময়মনসিংহ জেলার সকল উপজেলায় বিভিন্ন কর্মসূচী নিয়ে কাজ করে। বর্তমানে জেলায় আশার উপকারভোগীর সংখ্যা ১,৭৭,৬২৫ জন এবং তাদের নিকট ঋণস্থিতির পরিমাণ প্রায় ৪৭২.৭৭ কোটি টাকা।

০৩	ওয়ার্ল্ড ভিশন:সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া, ভালুকা, নান্দাইল ও ফুলপুর উপজেলা।	শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, অর্থনৈতিক উন্নয়ন, শিশুর ওজনবৃদ্ধি মনিটরিং, কৃষি উপকরণ বিতরণ, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে প্রতি পরিবারকে ৩০০০ টাকা করে ৫২২টি পরিবারের মাঝে মোট ১৫,৬৬,০০০ টাকা নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়। মুক্তাগাছা, ময়মনসিংহ, ফুলবাড়ীয়া, ভালুকা এবং নান্দাইল এরিয়া প্রোগ্রামের মাধ্যমে মাঠকর্মী/স্বেচ্ছাসেবীদের ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামাদি (পিপিই), সাবান, হ্যান্ড স্যানিটাইজার এবং মুখমন্ডলের মাস্ক ইত্যাদি বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। ৯২৫ পরিবারের মধ্যে ঢাকনা ও কলসহ বালতি প্রদান করা হয়। ১৩১৭ পরিবারের মধ্যে মাস্ক- ৬৫৮৫০ পিস, হাত ধোয়ার সাবান (১৫০ গ্রাম)-২৪৩৩০ পিস, গুড়া সাবান (২০০ গ্রাম)-৬৫৮৫ প্যাকেট, ব্লিচিং পাউডার (৫০০ গ্রাম)-২৬৩৪ প্যাকেট, *স্যানিটারি প্যাড-৫২৫৮প্যাকেট, মগ- ১৩১৭ টি প্রদান করা হয়। এছাড়াও অন্যান্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।
০৪	কারিতাস: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার মুক্তাগাছা, ফুলবাড়ীয়া, ভালুকা, ফুলপুর, হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলা।	দুর্যোগ ব্যবস্থাপনা ও উন্নয়ন, প্রতিবন্ধিতা উন্নয়ন কর্মসূচি, সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প, ভূমি সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, কারিতাস মাইক্রো ফাইনান্স, ফরমেশন অব ইয়ুথ এন্ড টিচার্স প্রোগ্রাম, আলোঘর প্রকল্প, আঞ্চলিক কারিগরি বিদ্যালয়, বাংলাদেশের জলবায়ু পরিবর্তনজনিত কারণে ঝুঁকিপূর্ণ এলাকায় সক্ষমতা ও জীব বৈচিত্র্য উন্নয়নে সামাজিক পদক্ষেপ প্রকল্প ইত্যাদি।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে কোভিট-১৯ সময়ে ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, ভালুকা, ফুলবাড়ীয়া, হালুয়াঘাট, ধোবাউড়া; ফুলপুর উপজেলায় আর্থিক সহায়তা বাবদ মোট ৭৪৪ জনকে ১১, ৯০,৪০০/- (এগারো লক্ষ নব্বই হাজার চারশত টাকা) প্রদান করা হয়েছে। কোভিট-১৯ বিষয়ে সচেতনতামূলক পিভিসি ১০০ টি, পোষ্টার ৫০০০ টি এবং লিফলেট ৫,০০০ টি প্রদান সাধারণ জনগণ ও প্রকল্পের সুবিধাভোগীদের মধ্যে বিরতণ করা হয়েছে। ময়মনসিংহ সদরে লকডাউন চলাকালীন এবং বর্তমানে নিয়মিতভাবে ৪০ জন পথ শিশুদের কে মিডডে মিল সেবা সহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও ঔষুধ প্রদান করা হচ্ছে। ময়মনসিংহ সদরে ১০০ জন পথশিশুকে হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ও হ্যান্ড গ্লাভস বিতরণ করা হয়েছে।
০৫	এ্যাড্রা বাংলাদেশঃসংস্থাটির কর্ম এলাকা সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া ও গৌরীপুর উপজেলা।	সোস্যাল ইন্টিগ্রেশন ফর স্ট্রিট চিলড্রেন ডেভলপমেন্ট প্রজেক্ট। মহিলাক্ষমতায়ন প্রকল্প, কৃষক পরিবারের দক্ষতা উন্নয়ন প্রকল্প, এসআইএসসিডি প্রকল্প, ক্ষুদ্রঋণ প্রকল্প।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে এসআইএসসিডি প্রকল্পের মাধ্যমে ১৭২ সুবিধাভোগী পরিবারের মাঝে ত্রাণবিতরণ করা হয়েছে। চাল ৫ কেজি, ডাল ১ কেজি, আলু ৩ কেজি, লবণ ৫০০ গ্রাম, সেমাই ২৫০ গ্রাম, চিনি ২৫০ গ্রাম, তেল ১ কেজি এবং ১ টি সাবান প্রতি পরিবারকে প্রদান করা হয়েছে।
০৬	সূর্যের হাসি ক্লিনিক : সংস্থাটিরকর্ম এলাকা ময়মনসিংহ পৌরসভাও গৌরীপুর উপজেলা।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ইপিআই টিকা ১৫২০ জন, শিশু স্বাস্থ্য সেবা ১৭৬০ জন, গর্ভবতী মায়ের সেবা ৫৩০ জন, প্রসূতি মায়ের সেবা ২২৫ জন, টিটি টিকা ৬৮০ জন, টিটি টিকা (গর্ভবতী) ১৯০ জন, স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি ১২ জন। সাধারণ রোগের সেবা ১৪২৫ জন। ২০ জনকে ডেলিভারী সেবা প্রদান করা হয় এবং স্বাস্থ্যশিক্ষা বিষয়ক ১৫ টি গ্রুপ মিটিং পরিচালনা করা হয়।
০৭	বাংলাদেশ লিগ্যাল এইড এন্ডসার্ভিসেস ট্রাস্ট (ব্লাষ্ট): সংস্থাটিরকর্ম এলাকা সমগ্র ময়মনসিংহজেলা।	প্রকল্প-১: একসেস টু জাস্টিস ফর রিয়েলাইজেশন অব হিউম্যান রাইটস এন্ড এডভোকেসী ফর এম্পাওয়ারমেন্ট টু দি পুওর প্রকল্প। প্রকল্প-২: ইমপ্রুভমেন্টঅব দ্যা রিয়াল সিচ্যুয়েশন অব ওভারক্রাউডিং ইন প্রিজন্স ইন বাংলাদেশ (আই আর এস ও পি) প্রকল্প।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে:**প্রকল্প-১.**মামলা সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ ১টি, পরামর্শ প্রদান ৯টি, মামলা দায়ের ০টি, সালিশ মীমাংসা ১টি, স্টাফ মিটিং করা হয় ১ টি, উপদেষ্টা ও পরিচালনা কমিটির সভা ১টি এবং কোন মামলা নিষ্পত্তি করা হয়নি। **প্রকল্প-২.** মামলা সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করা হয়নি, মামলা দায়ের নেই, সাপোর্ট ইন কোর্ট ০ টি, সাপোর্ট ইন পুলিশ ০টি, কেইস কো-অর্ডিনেশন কমিটির মিটিং ০টি, আইন বিষয়ক আলোচনা সভা ১টি, প্যারালিগ্যাল সমন্বয় সভা ১টি ও জামিন ০ টি।

০৮	ডেভেলপমেন্ট হুইল (ডিউ): সংস্থাটির কর্মএলাকা ময়মনসিংহ জেলার সদর ও গৌরীপুর উপজেলা।	Promote Farmer's Rights & Voices through Empowerment (FRP)	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ক্ষুদ্র ও প্রান্তিক কর্মসূচির মাধ্যমে কৃষকদের তালিকা করে ২৯২ জন কৃষককে ওএমএস এর ইউনিয়ন পরিষদের মাধ্যমে চাল ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। ধানের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কৃষক সংগঠনকে সহযোগিতা করা হয়েছে । কৃষি উপকরণ সহায়তা কার্ড নিশ্চিত করে লটারীর মাধ্যমে ১০৩ জন কৃষককে ধান বিক্রয় করতে সহায়তা করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের সাথে আলোচনার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২৫০০ টাকার প্রণোদনার জন্য তালিকা প্রেরণ করা হয় এবং কর্ম এলাকার ৮৭ জন প্রান্তিক কৃষক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পান।
০৯	মাটি:সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর উপজেলার আকুয়া, ভাবখালী, ঘাগড়া ও দাপুনিয়া ইউনিয়ন।	**প্রকল্প-১:**ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট এপ্রোচ ফর এক্সট্রিম পুওর প্রোগ্রাম **প্রকল্প-২:** ''ইনক্রিসড ফুড সিকিউরিটি ফর পুওর রুরাল হাউজহোল্ড থ্রো প্রমোশান অফ ইকোলজিকেলী সাসটেইনএবল অরগানিক স্মল স্কেল এগ্রিকালচার ইন ৫ ভিলেজেস ইন ময়মনসিংহ ডিস্ট্রিক্ট/ বাংলাদেশ'' **প্রকল্প-৩:**আর্লি চাইল্ড হুড এন্ড আফটার স্কুল এডুকেশন ফর চিলড্রেন অফ লো ইনকাম ওয়ার্কিং মাদারস্	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ৫০ জন শিক্ষার্থীর মাঝে ৩০,০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। প্রতি বৃহস্পতিবার দুপুরবেলা স্বাস্থ্য সম্মত ও পুষ্টিকর খাবার নিজেদের হাতে রান্না করে একসাথে খাওয়া হয় । ভাইরাসের প্রকোপের কারণে কমিউনিটিতে ৩৭,৫০০/- টাকার মূল্যের খাবার সামগ্রী বিতরণ করা হয়েছে। কমিউনিটি ইকোলজিক্যাল প্রোগ্রাম এর আওতায় ১৩৮ জন কে সেবা দেয়া হয়েছে। ১৫০ জনকে ১২,০০০/- মূল্যমানের স্যানিটাইজার বিনামূল্যে বিতরণ করা হয়েছে। সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের পুরাতন ছাত্রীরা কাপড়ের মাস্ক তৈরী করেছেন এবং এগুলো আমাদের উপকারভোগীদের এবং সাধারণ জনগণের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।
১০	প্রতিবন্ধী কমিউনিটি সেন্টার (পিসিসি): সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর ও মুক্তাগাছা উপজেলা এবং নেত্রকোনা জেলা।	CP Day Care; Women's Club Project, Improving the lives of Children with Disabilities through Community Participation(ILCDCP); Community Based Rehabilitation for Disabled People(CBRDP); Access to Basic Education for Marginalized Children in Mymensingh (ABEMCM); Promoting Inter-religious Harmony through Dialouge; Promoting & Protecting Human Rights of Minorities (PPHRM); Inclusive Education for Children with Disabilities (IECWD); Inclusive Development Project (IDP); Education for life; Inclusive Sports for Development	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে সিপি ডে-কেয়ার প্রকল্পের সহযোগিতায় ৭১ জন পরিবারকে প্রতিমাসে ১৬০০ টাকার পরিমাণে খাদ্য সামগ্রী প্রদান করা হচ্ছে। প্রতিটি সুবিধাভোগীদের মোবাইল ফোনের মাধ্যমে তাদের শিশুদের স্বাস্থ্য সচেতনতা ও করোনা ভাইরাস সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও টেলিমেডিসিন যোগাযোগ এর মাধ্যমে অভিভাবকদের নানা ধরনের স্বাস্থ্য পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়াও বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে।
১১	গ্রামীণ মানবিক উন্নয়ন সংস্থা (গ্রামাউস) সংস্থাটির কর্মএলাকা ময়মনসিংহ জেলার সকল উপজেলা।	উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম, ভিজিডি, গ্রামাউস মডেল একাডেমী, ক্ষুদ্রঋণ ও সমৃদ্ধি প্রকল্প	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে করোনা ভাইরাস মোকাবেলায় সমিতির সদস্যদের মাঝে সচেতনতামূলক ৪০,০০০ টি লিফলেট বিতরণ করা হয়েছে (ময়মনসিংহ ও গাজীপুর জেলায়)। ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলায় মাস্ক/ মেডিক্যাল ইকুইপমেন্ট/ জীবাণুনাশক বিতরণ করা হয়েছে ৩০০০টি। ফুলপুর উপজেলায় হাত ধোয়ার স্থাপনা স্থাপন করা হয়েছে ১৫টি। ফুলপুর উপজেলা হাসপাতালে করোনা চিকিৎসার জন্য অস্থায়ী স্থাপনা নির্মাণ করা হয়েছে ১টি এবং ৮৫০টি খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

১২	আইইডি: সংস্থাটির কর্ম এলাকা কোতোয়ালি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।	প্রমোটিং রাইটস অ্যান্ড এম্পাওয়ারমেন্ট থ্রু ইনিশিয়েটিভ অফ পিপল (প্রিপ)	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে সেল ফোনে/অনলাইনে কর্ম এলাকায় ৮১৫ জন তৃণমূল দলীয় সদস্যদের বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রচারিত যে স্বাস্থ্য বার্তাগুলো সম্পর্কে অবহিত করা হয়েছে। কর্ম এলাকার ৩০০ জন দলীয় সদস্যদের মধ্যে খাদ্য ও সুরক্ষা সামগ্রী (চাল-৭কেজি, ডাল-১কেজি, আলু-২ কেজি, পেঁয়াজ-১কেজি, তেল-১লিটার, লবণ-১কেজি, ১০০গ্রা: লাইফবয় সাবান-১টি, ১৩০গ্রা: হুইল সাবান-১টি, ১০০ মিলি: হ্যান্ড স্যানিটাইজার-১টি, হ্যান্ড গ্লাভস-৪ জোড়া, সার্জিক্যাল মাস্ক- ৪টি) বিতরণ করা হয়েছে। এছাড়াও বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে।
১৩	আসপাডা পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলা।	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সমৃদ্ধি কর্মসূচি, গৃহায়ন তহবিল, শিক্ষা বৃত্তি, প্রশিক্ষণ কর্মসূচি, ভিজিডি কর্মসূচি।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ময়মনসিংহ জেলায় ৪৬,১০২ জন সদস্যদের মাঝে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্যাটেলাইট ক্লিনিকে সেবা গ্রহণকারী চলতি বছরে ৮৫২৮ জন, শিক্ষা কেন্দ্র ৪০টি, মোট ছাত্র ছাত্রী ৯৯২ জন। এ প্রকল্পের আওতায় ৬জন ভিক্ষুককে ছয় লক্ষ টাকা দিয়ে পুনর্বাসন করা হয়েছে। গৃহায়ণ তহবিল প্রকল্পে এ পর্যন্ত ১২০ জনকে ৭০,০০০ টাকা করে ঋণ দিয়ে ১২০টি ঘর করে দেওয়া হয়েছে। শিক্ষাবৃত্তি কর্মসূচির আওতায় ২০৬ জন দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের আসপাডা এর নিজস্ব তহবিল থেকে প্রতি মাসে ৪,৫৮,০০০/- শিক্ষাবৃত্তি দেয়া হয়। এছাড়াও প্রবীণ কর্মসূচি সহ অন্যান্য বিষয়ের উপর কাজ চলমান রয়েছে। প্রবীণ কর্মসূচির আওতায় ১৯৮ জন প্রবীণ জনগোষ্ঠীর মধ্যে থেকে প্রতিমাসে ৫০০ টাকা করে ১০০ জন প্রবীণকে বয়স্ক ভাতা প্রদান করা হয়েছে এবং বয়স্কদেরকে শীতবস্ত্র, ছাতা ও ওয়ার্কিং স্টিক প্রদান করা হয়েছে।
১৪	সচেতন নাগরিক কমিটি (সনাক):সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর।	---	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে গত ৭ মে ২০২০ তারিখে প্রযুক্তির সহযোগিতায় ভার্চুয়াল সনাক মাসিক সভা এবং ৩০ মে ২০২০ ইয়েস মাসিক সভা অনুষ্ঠিত হয়। সনাক মাসিক সভায় কোভিড ১৯ মহামারি মোকাবেলায় সকল স্বেচ্ছাসেবকদের এলাকার সাধারণ নাগরিকদের সচেতন করা ও তাদের কল্যাণে কার্যক্রম পরিচালনা করার আহ্বান জানানো হয়। সনাক'র ইয়েস সদস্যরা করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা তৈরী করতে সহস্রাধিক লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়াও তারা ময়মনসিংহে এ মহামারী মোকাবেলায় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছে।
১৫	তৃণমূল উন্নয়ন সংস্থাঃ সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলা।	---	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে করোনা পরিস্থিতি মোকাবেলায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত ওয়ার্ড গুলিতে চলতি মাসে ৩০ জন করে ৪টি এলাকায় ১২০ জন পরিবারে স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে। করোনা দুর্যোগের মোকাবেলায় ১২০ জন হত দরিদ্র পরিবারের মাঝে ১২০ প্যাকেট খাদ্য সামগ্রী উপহার হিসেবে প্রদান করা হয়েছে। ১২০টি পরিবারের জন্য ৫টি করে মোট ৬০০টি কাপড়ের তৈরি মাস্ক বিতরণ করা হয়েছে।

১৬	ডা: কে. জামান বিএনএসবি চক্ষু হাসপাতাল: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলা।	---	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে নতুন রোগী ১২৯৮ জন, পুরাতন রোগী ৮০৯ জন, মোট ২১০৭ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে। চশমার প্রেসকিপশন গ্রহণ করেছেন ৫৪৮ জন এবং চশমা গ্রহণ করেছেন ২১০ জন। রেটিনা পরীক্ষা করা হয়েছে ২১ জনের এবং কর্ণিয়া পরীক্ষা করা হয়েছে ৫ জনের। অন্যান্য অপারেশন করা হয়েছে ২টি। মোট সাব স্পেশালিটি প্রোসিডিউরস ২৫টি এবং মোট সার্জারী প্রোসিডিউরস (ক্যাট+সাব স্পেশালিটি) ২৫টি।
১৭	ডেমিয়ন ফাউন্ডেশন: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সকল উপজেলা।	ময়মনসিংহ যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ প্রকল্প	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ১৩ টি উপজেলায় বিনামূল্যে যক্ষ্মা ও কুষ্ঠরোগ নিরাময় ও চিকিৎসা সেবা প্রদান করছে, মে মাসে মোট ব্যয় ১৮,৪৫,৪১৮/- টাকা। বর্তমান মাসে মোট উপকারভোগী যক্ষ্মা রোগী ৮৯ জন ও কুষ্ঠ রোগী ৪৫ জন।
১৮	এসোসিয়েশন ফর প্রিভেনশন অফ সেপটিক এ্যাবোরশন বাংলাদেশ (বাপসা): সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সদর উপজেলা।	এসোসিয়েশন ফর প্রিভেনশন অফ সেপটিক এ্যাবোরশন বাংলাদেশ (বাপসা)	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে সচেতনতার জন্য ওয়ার্ড ভিত্তিক প্রচারপত্র বিলি, মাইকিং দ্বারা ঘরে থাকার আহবান ও উদ্বুদ্ধকরণ। হ্যান্ডওয়াশ, স্যানিটাইজার, মাস্ক, সাবান ইত্যাদি বিতরণ ও ব্যবহার বিধি উৎসাহিত করা হয়েছে। বাড়ির আঙ্গিনা, রাস্তা, ড্রেনসহ অন্যান্য স্থাপনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও ব্লিচিং পাউডার দিয়ে জীবাণু মুক্ত করণ। অসহায়, দরিদ্র, খেটে খাওয়া, দিনমজুর শ্রেণীর লোকদের ঘরে ঘরে সরকারী ত্রান পৌছে দেওয়া এবং প্রতিদিন দিনশেষে ওয়ার্ড কমিটিকে রিপোর্ট করা ও নির্ধারিত সময়ের মাঝে কাজ সম্পাদন করা।
১৯	আর এইচ স্টেপ: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলা।	Project: Hello, I Am.	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে হ্যালো,আই এম স্টাফদের ২ টি স্টাফ মিটিং সম্পন্ন করা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্টাফ ও কমিউনিটি ভলান্টিয়ারদের সাথে সমন্বয় সভা করা হয় ২টি। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অভিভাবক নেটওয়ার্ক কার্যনির্বাহী কমিটির সাথে সমন্বয় সভা করা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে কিশোর কিশোরী নেটওয়ার্ক ফোরামের সাথে সমন্বয় সভা। ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্থানীয় সাংবাদিকদের সাথে আলোচনা। কিশোর কিশোরীদের SRHR বিষয়ে মোট উপকারভোগীর সংখ্যা ৮১০ জন।
২০	হেলেন কেলার ইন্টারন্যাশনাল, বাংলাদেশঃ সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর উপজেলা এবং বাস্তবায়নাধীন সংস্থা- ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল	Scaling up Diabetic Retinopathy Services (SDRS) in Bangldesh, Phase-2	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ৮৯ জনকে ডায়াবেটিস জনিত চোখের সেবা, ৮৯ জনের মধ্যে কাউন্সেলিং ও আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করা হয়, ডায়াবেটিক রেটিনোপ্যাথী সমস্যার রোগী চিহ্নিতকরণ ২০ জন। ডায়াবেটিক রোগে আক্রান্ত রোগীদের লেজার থেরাপী ও ইনজেকশনের মাধ্যমে চিকিৎসার জন্য জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতালে পাঠানো হয়েছে ০৯ জন। জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট এ চিকিৎসার জন্য পাঠানো হয়েছে ৯ জন। ৬ মাস পর আবার রেটিনা পরীক্ষার পরামর্শ দেওয়া হয়েছে ২৯ জনকে। মোবাইল ফোনের মাধ্যমে ১৬৮ জন পুরাতন রোগীকে পরামর্শ দেওয়া হয়েছে।

২১	ব্যুরো বাংলাদেশ: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া, ত্রিশাল,ভালুকা, গৌরীপুর ও ফুলপুর উপজেলা।	ক্ষুদ্রঋণ, রেমিটেন্স সার্ভিস, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়ন, কৃষি উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা, মানব সম্পদ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা সক্ষমতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, নলকূপ ও স্যানিটেশন কার্যক্রম	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে ময়মনসিংহ জেলার ৯টি উপজেলায় ১৭টি শাখার মাধ্যমে ১০২টি ইউনিয়ন ও ৬০২টি গ্রামে আমাদের কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলতি (মে/২০২০ইং) মাসে করোনা ভাইরাস জনিত কারণে কোন ঋণ বিতরণ করা হয়নি। এছাড়া অফিস ছুটি থাকার কারণে রেমিটেন্স প্রদান ও ওয়াটার ক্রেডিট প্রোগ্রামের কার্যক্রম বন্ধ ছিল।
২২	সোসাল ওয়েলফেয়ার ইনস্টিটিউট: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর।	---	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে করোনা ভাইরাস জনিত সাধারণ ছুটির কারণে বিশেষ শিশুদের জন্য শিক্ষা, চিকিৎসা ও থেরাপী সেবাসহ সকল নিয়মিত কার্যক্রম বন্ধ রয়েছে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে কর্মরত দরিদ্র ১০০ জনের মধ্যে খাদ্য ও পরিষ্কার সামগ্রী বিতরণ করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে ৭ জন কর্মহীন মানুষকে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেয়া হয়েছে। এছাড়াও অন্যান্য সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে।
২৩	সোশাল এসোসিয়েশন ফর লাইভলীহুড অ্যাডভান্সমেন্ট (সাপলা): সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলা।	...	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে শাপলা রিসোর্স ডেভেলপমেন্ট সেন্টারে করোনা রোগীদের চিকিৎসা প্রদানকারী ডাক্তার, নার্স ও অন্যান্য স্টাফ গণের রেসিডেন্স সেবা প্রদান করা হচ্ছে । শিক্ষা কার্যক্রমঃ ২ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের কে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে। ১২ টি পরিবার কে ঈদ উপহার: (চিনি -১ কেজি, সেমাই-১ কেজি, সাবান-১ টি, চাল-৫ কেজি, ডাল- ১ কেজি, লবন-১ কেজি, তৈল-১ লি., আলু-১ কেজি, পিয়াজ-১ কেজি) প্রদান করা হয়েছে।
২৪	ট্রাস্ট ফর দি রিহ্যাবিলিটেশন অফ দি প্যারালাইজড (টিআরপি): সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ বিভাগ।	সেন্টার ফর দি রিহ্যাবিলিটেশন অফ দি প্যারালাইজড (সিআরপি) - ট্রাস্ট ফর দি রিহ্যাবিলিটেশন অফ দি প্যারালাইজড (টিআরপি) এর একটি মূল প্রকল্প।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসের শুরুতে বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন মোতাবেক করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি হ্রাস কল্পে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বহির্বিভাগ এর চিকিৎসা কার্যক্রম সাময়িক বন্ধ রাখা হয়। তবে জরুরি ক্ষেত্রে প্রতিবন্ধিতার শিকার বা প্রতিবন্ধিতার ঝুঁকিতে আছে এরকম রোগী ও তাদের রোগের ধরণ বিবেচনায় সংস্থার নিজস্ব ব্যবস্থাপনায় মোবাইল ফোন, ‘হোয়াটসঅ্যাপ’ এবং ‘ফেসবুক মেসেঞ্জার’ প্লাটফর্ম এর মাধ্যমে টেলিমেডিসিন সেবা কার্যক্রম পরিচালনা করা হয়। সিআরপি ময়মনসিংহ এর ফেসবুক পেজ (www.facebook.com/CRPBAU/) এর লাইভের মাধ্যমে করোনাভাইরাসের কারণে উদ্ভূত পরিবর্তিত পরিস্থিতিতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নিয়মিত চিকিৎসা পরামর্শ দেন সিআরপি এর মেডিক্যাল সার্ভিস, ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি বিভাগের বিভাগীয় প্রধানগণ। এখানে উল্লেখ্য যে, গত ৩১ মে থেকে সিআরপি এর বহির্বিভাগের চিকিৎসা কার্যক্রম পুনরায় চালু করা হয়েছে।
২৫	ডেভোলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা): কর্ম এলাকা ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায়	...	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে নতুন কোন সদস্য করা হয়নি। ঋণ কার্যক্রম বন্ধ ছিল।

২৬	এফ এইচ এসোসিয়েশন: সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ সদর ও ত্রিশাল উপজেলা।	...	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে করোনা ভাইরাস সংক্রমণ জনিত লকডাউন পরিস্থিতিতে সংস্থাটি ওয়ার্ক ফর্ম হোম ইন্টারনেট এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। মাঠ পর্যায়ের কর্মীরা মোবাইল ফোনের মাধ্যমে অংশগ্রহণকারীদের সাথে যোগাযোগ রক্ষা ও সচেতনতা সেশন পরিচালনা করছে। এ মাসে সংস্থা ৬৪৭ জন শিশুকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ-লাইফবয় সাবান, গুড়া সাবান ও মাস্ক বিতরণ ৭০০০০/- টাকা। ৯২৭ জন শিশু অভিভাবককে করোনা পরিস্থিতিতে শিশু সুরক্ষা বিষয়ে সচেতনতামূলক লেসন প্রদান করা হয়।
২৭	এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (এআরডি): সংস্থাটির কর্ম এলাকা ময়মনসিংহ জেলার সদর, ফুলপুর, হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলা।	প্রতিবন্ধী উন্নয়ন, মৎস্য চাষ, মা, শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম, জেন্ডার।	সংস্থাটি কর্তৃক মে ২০২০ মাসে করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লিফলেট বিতরণ করা হয়। সচেতনতার অংশ হিসেবে ৫০টি মাস্ক, ৫০টি সাবান ও হ্যান্ড স্যানিটাইজার কর্মীদের মাঝে বিতরণ করা হয়।

এছাড়াও উপরিল্লিখিত এনজিও প্রতিষ্ঠান ছাড়াও এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ, আল আমিন জনকল্যাণ সংস্থা, দি গ্লেনকো ফাউন্ডেশন সহ অনেক এনজিও প্রতিষ্ঠান জুম ক্লাউড মিটিং এ অংশগ্রহণ করেন এবং করোনা পরিস্থিতি মোকাবেলা ও তাদের করণীয় সম্পর্কে আলোচনা করেন।

আলোচ্য বিষয়ঃ

- উপস্থিত সকল এনজিও'দের মে, ২০২০ মাসের দাখিলকৃত প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সকল এনজিও প্রধান/প্রতিনিধি তাদের নিজস্ব প্রকল্প কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।
- সকল এনজিওদের সাথে করোনা পরিস্থিতি মোকাবেলায় কে কি অবদান রেখেছেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
- সকলের সামাজিক দূরত্ব বজায় রেখে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর জন্য আহ্বান জানানো হয়।
- ময়মনসিংহ জেলা এনজিও ওয়েব পোর্টাল নিয়ে আলোচনা করা হয়।
- এনজিওদের প্রত্যয়ন পত্র প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

উপর্যুক্ত আলোচনা শেষে সভায় নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

০১. মাসিক অগ্রগতি প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে এনজিও ওয়েব পোর্টালের মেন্যু বারের প্রতিবেদন অংশে প্রবেশ করে মাসিক কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন জমা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. সকল এনজিও সদস্যদের করোনা মোকাবেলায় তাদের কার্যক্রমের উপর ২ পৃষ্ঠার রিপোর্ট প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ০৩. ময়মনসিংহ জেলা এনজিও ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহীত হয়।

০৪. প্রত্যয়ন পত্র প্রদানের জন্য যেসকল প্রতিষ্ঠান বরাবর তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয় সেসকল প্রতিষ্ঠানকে নির্ধারিত সময় অতিবাহিত হবার পর তাগিদ পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫. সর্বদা প্রশাসনের সাথে সম্পৃক্ত থেকে কোভিড-১৯ মোকাবেলায় কাজ করার জন্য আহ্বান জানানো হয়।

০৬. করোনা পরিস্থিতি সমাপ্ত না হওয়া পর্যন্ত জুম ক্লাউডের মাধ্যমে প্রতি মাসের জেলা এনজিও সমন্বয় কমিটির মাসিক মিটিং আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নেঃ</u> পুলিশ সুপার, সিভিল সার্জন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (শিক্ষা ও আইসিটি); চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল); নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর; নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন; বিভাগীয় বন কর্মকর্তা; উপ পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ যুব উন্নয়ন অধিদপ্তর/ বিআরডিবি; জেলা শিক্ষা অফিসার; জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা; জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা; জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা; জেলা মৎস্য কর্মকর্তা; সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো;

চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা ও সকল এনজিও প্রধান, ময়মনসিংহ।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্থতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মিজানুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১০০.০১৩.৩৮.০০১.১৯(২)-১৩১ তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭
১২ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
৫) উপজেলা চেয়ারম্যান (সকল), ময়মনসিংহ।
৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
৭) এনজিও প্রধান, (সকল),.........

মোঃ মিজানুর রহমান
জেলা প্রশাসক